

ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড (প্রবর্তন: ১৯৮১ খ্রি.)

মূল্যমানঃ ২৫,০০০ টাকা; ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫,০০,০০০ টাকা; ১০,০০,০০০ এবং ৫০,০০,০০০ টাকা

যেখানে পাওয়া যায়ঃ বাংলাদেশ ব্যাংক, যে কোন তফসিলী ব্যাংকের অথরাইজড ডিলার (AD) শাখা এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের তফসিলী ব্যাংকের শাখা, এক্সচেঞ্জ হাউস, এক্সচেঞ্জ কোম্পানি হতে ক্রয় ও নগদায়ন করা যায়।

মেয়াদঃ ৫ (পাঁচ) বছর।

মুনাফার হারঃ মেয়াদান্তে ১২.০০ % (সরল হারে)

সঞ্চয় স্কিমের নাম	মেয়াদ (উত্তীর্ণ হলে)	বিদ্যমান মুনাফার হার	১৫,০০,০০০ টাকা পর্যন্ত	১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০	৩০,০০,০০১ টাকা হতে ৫০,০০,০০০	৫০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব
			পুনঃনির্ধারিত মুনাফার হার (%)			
ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড	৬-মাস পর, কিন্তু ১২ মাসের পূর্বে	৮.৭০%	৮.৭০	৭.৯৮	৭.২৫	৬.৫৩
	১২-মাস পর, কিন্তু ১৮ মাসের পূর্বে	৯.৪৫%	৯.৪৫	৮.৬৬	৭.৮৮	৭.০৯
	১৮-মাস পর, কিন্তু ২৪ মাসের পূর্বে	১০.২০%	১০.২০	৯.৩৫	৮.৫০	৭.৬৫
	২৪-মাস পর, কিন্তু ৬০ মাসের পূর্বে	১১.২০%	১১.২০	১০.২৭	৯.৩৩	৮.৪০
	মেয়াদান্তে	১২.০০%	১২.০০	১১.০০	১০.০০	৯.০০

যারা বিনিয়োগ করতে পারবেনঃ

- (ক) বৈধ ওয়েজ আর্নার বৈধ চ্যানেলের মাধ্যমে দেশে প্রেরিত রেমিট্যান্স/বৈদেশিক মুদ্রা দ্বারা নিজ নামে বা আবেদনপত্রে উল্লিখিত ব্যক্তি বা বাংলাদেশে তার বেনিফিসিয়ারীর নামে বাংলাদেশী টাকায় এ বন্ড ক্রয় করতে পারবেন;
- (খ) বিদেশে বাংলাদেশ মিশনে কর্মরত বাংলাদেশ সরকারের কর্মকর্তা ও কর্মচারীগণ ক্রয় করতে পারেন;
- (গ) বিদেশে লিয়েনে কর্মরত সরকারি, সংবিধিবদ্ধ, স্বায়ত্তশাসিত অথবা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের এমপ্লয়িগণ নির্ধারিত শর্তপূরণ সাপেক্ষে এ বন্ড ক্রয় করতে পারবেন।

বিনিয়োগের উর্ধ্বসীমা: উর্ধ্বসীমা নেই।

অন্যান্য সুবিধাঃ

- (ক) ৪০% থেকে ৫০% পর্যন্ত মৃত্যু-ঝুঁকির সুবিধা রয়েছে;
- (খ) ঋণাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়;
- (গ) বন্ডের বিপরীতে ঋণ গ্রহণের সুবিধা রয়েছে;
- (ঘ) নমিনি নিয়োগ/ পরিবর্তন ও বাতিল করা যায়;
- (ঙ) হারিয়ে গেলে, পুড়ে গেলে বা নষ্ট হলে ডুপ্লিকেট বন্ড ইস্যুর সুযোগ রয়েছে;
- (চ) এফসি একাউন্ট থাকার বাধ্যবাধকতা নেই;
- (ছ) এ বন্ডে বিনিয়োগকৃত অর্থ ও অর্জিত মুনাফা আয়কর মুক্ত;
- (জ) এ বন্ডের মূল অর্থ ইউএস ডলারে গ্রহণ করার সুযোগ রয়েছে।